

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন-২ অধিশাখা
www.mof.gov.bd

নম্বর- ০৭.০০.০০০০.০৮২.৯৯.০০৩.২১.৩৯৯

তারিখ: ৩রা আশ্বিন ১৪৩১
১৮ সেপ্টেম্বর ২০২৪

অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতি মাসের মাসিক বেতন-ভাতাদি পরবর্তী মাসের প্রথম কর্মদিবসে পরিশোধের বিধিগত বাধাবাহকতা রয়েছে এবং জেনারেল ফিন্যান্সিয়াল রুলস (জি.এফ.আর) - ১৪ অনুযায়ী "অবিসংখ্যাদিতভাবে সরকার কর্তৃক যে অর্থ প্রদেয় তাহা পরিশোধে বিলম্ব সকল বিধি এবং বাজেট নীতির পরিপন্থি এবং তাহা পরিহার করা সমীচীন।"

০২। বর্ণিত প্রেক্ষাপটে, বাংলাদেশ ট্রেজারি রুলস-এর টি.আর-১৩ এর বিধান মোতাবেক হিসাব মহানিয়ন্ত্রক-এর সাথে পরামর্শক্রমে মাননীয় উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয় পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত শুধুমাত্র বেতন-ভাতাদির বিলসমূহ ডি.ডি. ও কর্তৃক সরাসরি পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেছেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোহাম্মদ ইকতিদার আলম)
উপ সচিব
ফোন: ৫৫১০০১৮১

নম্বর- ০৭.০০.০০০০.০৮২.৯৯.০০৩.২১.৩৯৯


তারিখ: ৩রা আশ্বিন ১৪৩১
১৮ সেপ্টেম্বর ২০২৪

কার্যার্থে অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা-১০০০ [দৃ.আঃ অতিঃ উপ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)]
- ২। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
- ৩। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, ১ম ১২ তলা ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (সকল), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৫। জাতীয় কর্মসূচি পরিচালক, SPFMS কর্মসূচি ও অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, আইইবি ভবন (৫ম তলা), রমনা, ঢাকা-১০০০।
- ৬। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা।

অবগতিঃ

- ১। উপদেষ্টার একান্ত সচিব, মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য।
- ২। সচিবের একান্ত সচিব, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।


(মোহাম্মদ ইকতিদার আলম)
উপ সচিব
ফোন: ৫৫১০০১৮১